# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ৩০ জানুয়ারী ২০২৩ খ্রি.

## হতদরিদ্র শ্রেণির ভাগ্য বদলে শিক্ষা-স্বাস্থ্যে জোর দিচ্ছি: মেয়র

করোনা মহামারীতে কর্মহীন হয়ে পড়া জনগোষ্ঠী, জলবায়ু উদ্বাস্ত এবং হতদরিদ্র শ্রেণির ভাগ্য বদলে শিক্ষা ও স্বাস্থ্য খাতে বরাদ্দে জোর দেয়া হচ্ছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার বিশ্বের সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের ইকোনমিক রিকভারি প্রজেক্ট নিয়ে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

প্রকল্প অবহিত করণ সভায় সভাপতির বক্তব্যে মেয়র বলেন, করোনা মহামারীতে সারাবিশ্বের মতো চট্টগ্রামের উপর নেতি বাচক প্রভাব পড়েছে। আবার বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের ফলে সমুদ্রের উচ্চতা বৃদ্ধি পেয়ে প্রচুর মানুষ বাসস্থান হারিয়ে চট্টগ্রামে আশ্রয় নিচ্ছে। এসব মানুষদের জীবন মানের উন্নয়ন এখন চট্টগ্রামের জন্য একটি বড় চ্যালেঞ্জ।

“প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের অর্থনীতিতে আমূল পরিবর্তন হয়েছে। ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের বাংলাদেশ গড়তে তিনি যে পরিকল্পনা নিয়েছেন তা বাস্তবায়নে চট্টগ্রামের হতদরিদ্র মানুষদের শিক্ষা ও স্বাস্থ্য সেবা নিশ্চিতে কাজ করছি। বাংলাদেশে একমাত্র চট্টগ্রাম সিটি কর্পোরেশনই শিক্ষাখাতে ভর্তুকি দেয়। আমাদের অর্থায়নে ৮০টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে। পাশাপাশি চসিক পরিচালিত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোকে বিনামূল্যে চিকিৎসা, ঔষধ সহ বিভিন্ন স্বাস্থ্য সংক্রান্ত সেবাদিচ্ছে। আমি মনেকরি চট্টগ্রামের উন্নয়ন করতে হলে আগে চট্টগ্রাম বাসীদের শিক্ষা ও স্বাস্থ্য খাতের উন্নয়ন করতে হবে।

এসময় ব্যাকের পক্ষে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মুহাম্মদ রাশিদুল হাসান এবং প্রকল্পের উপ-ব্যবস্থাপক ইয়াসনা রহমান জানান, জলবায়ু ঝুঁকির কারণে নগরীতে স্থানান্তরিত জনগোষ্ঠীর জীবনমান, জীবিকা ও অবকাঠামোগত উন্নয়ন সহায়তা প্রদান এবং কোভিড-১৯ এর প্রভাবে শহরের দরিদ্র জনবসতিতে বসবাসকারী নতুন দরিদ্র জনগোষ্ঠী যারা বিভিন্ন সমস্যার মধ্যে রয়েছে তাদেরএকটি স্থিতিশীল আয়ের উৎস খুঁজে বের করার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় দুই বছর মেয়াদে 'অর্থনৈতিক পুনরুদ্ধার প্রকল্প' বাস্তবায়ন করছে ব্র্যাক।

উক্ত প্রকল্পটি অর্থায়ন করছে ক্লাইমেট ব্রিজফান্ড (সিবিএফ) যা কেএফডাব্লুউর মাধ্যমে জার্মান রকারের সহায়তায় ব্র্যাক দ্বারা প্রতিষ্ঠিত। এই তহবিলটি জলবায়ু পরিবর্তনের ফলে বাস্তুচ্যুত বা বাস্তুচ্যুত ঝুঁকিতে থাকা মানুষের সক্ষমতা জোরদার করার জন্য বাংলাদেশে নিবন্ধিত বেসরকারি সংস্থাগুলির মাধ্যমে বাস্তবায়িত ছোট আকারের প্রকল্পগুলিকে ফান্ডিং করে থাকে।

এছাড়া চট্টগ্রামকে আরো বেশি দরিদ্র বান্ধব এবং পরিকল্পিত সিটি হিসেবে গড়ে তুলতে কি ধরণের উদ্যোগ ও করণীয় গ্রহণ করতে হবে তা নিয়ে আলোচনা করেন তারা।

সভায় চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর হাজী নুরুল হক, আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত মো .বেলাল, ওয়াসিম উদ্দিন চৌধুরী, মোবারক আলী, সাহেদ ইকবাল বাবু, জহুরুল আলম জসিম, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমর প্রমুখ উপস্থিত ছিলেন।

## এক বছরে সাড়ে ৮ লক্ষ লোককে স্বাস্থ্যসেবা দিয়েছে চসিক

২০২২ সালে চট্টগ্রাম মহানগরীর প্রায় সাড়ে আট লক্ষ রোগীকে সেবাদান করেছে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) স্বাস্থ্য বিভাগের অধীনে পরিচালিত ৬৯টি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান। সোমবার চসিক জেনারেল হাসপাতাল সম্মেলন কক্ষে আয়োজিত এক মতবিনিময় সভায় ক্ষুদে ডাক্তার কার্যক্রম সম্পর্কে আলোচনাকালে এ তথ্য উঠে আসে।

সভায় প্রধান অতিথির বক্তব্যে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, সারা দেশের মধ্যে একমাত্র চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরবাসীকে স্বাস্থ্যসেবা দিয়ে যাচ্ছে। করোনা মহামারীকালে চসিকের স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা জীবনের ঝুঁকি নিয়ে নগরবাসীকে যে সেবা দিয়েছেন তা প্রশংসনীয়। কোভিড-১৯ প্রতিরোধে চসিক  এ পর্যন্ত ৭৫ লক্ষাধিক মানুষকে করোনা টিকার আওতায় এনেছে যা অভাবনীয় সাফল্য বলে তিনি মন্তব্য করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা আরো বলেন, ক্ষুদে ডাক্তার কার্যক্রম একটি যুগান্তকারী উদ্যোগ যার মাধ্যমে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পাবে এবং শিশুদের স্বাস্থ্য  সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সভাপতির বক্তব্যে চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, চসিক ক্ষুদে ডাক্তার কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে শিশুদের মধ্যে প্রাথমিক চিকিৎসা ও স্বাস্থ্য সচেতনতা তৈরির চেষ্টা করছে। এ প্রকল্পকে সফল করতে তিনি শিক্ষা প্রতিষ্ঠান সমূহ, অভিভাবকবৃন্দ এবং সংশ্লিষ্ট সব সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতা কামনা করেন।
এতে আরো বক্তব্য রাখেন স্বাস্থ্য কর্মকর্তা  ডাঃ মোঃ ইমাম হোসেন রানা, জেলা মাধ্যমিক  শিক্ষা কর্মকর্তা ফরিদুল আলম, এস আই এম ও (হু) ডাঃ মোঃ সরোয়ার আলম, জোনাল মেডিকেল অফিসার ডাঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন। উপস্থিত ছিলেন-থানা মাধ্যমিক ও প্রাথিম শিক্ষা কর্মকর্তা, ইপিআই টেকনিশিয়ান এবং চসিক স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা কর্মচারিগণ।

## চসিক মেয়রের সাথে ওয়াসার পয়:নিষ্কাষণ প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সোমবার চট্টগ্রাম ওয়াসার পয়:নিস্কাষণ (স্যুয়ারেজ) প্রকল্পের একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেছে। মেয়র কার্যালয়ে এক সভায় প্রতিনিধি দল ওয়াসার চলমান পানি সংযোগ ও পয়:নিষ্কাষণ প্রকল্প বাস্তবায়নে চসিকের সাথে সমন্বয় পরিকল্পনা এবং এ প্রকল্প বাস্তবায়নে চসিকের সহযোগিতার কথা তুলে ধরেন। এসময় তারা চলমান প্রকল্পের অগ্রগতি সম্পর্কে মেয়রকে অবহিত করে জানান, প্রকল্পটি বাস্তবায়িত হলে চট্টগ্রাম নগরীতে ওয়াসার সেবার পরিধি ও মান বৃদ্ধি পাবে। চলমান প্রকল্পটি বাস্তবায়নে দক্ষিণ কোরিয়া এবং চীনের দুটি প্রতিষ্ঠান কাজ করছে।
এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত মো. বেলাল, ওয়াসিম উদ্দিন চৌধুরী, প্রকল্প পরিচালক মা ঝং সাই, প্রকৌশলী আখতারুজ্জামান প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## ফুটপাত ও রাস্তা দখল করে ব্যবসা করার দায়ে
## ১১ ব্যক্তিকে ৩০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর বায়েজিদ বোস্তামী রোডের উভয় পাশের রাস্তা ও ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনা করার দায়ে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার টাকা জরিমানা করা হয়।
স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে পাহাড়তলী থানা রোডের উভয় পাশের রাস্তা ও ফুটপাত দখল করে ব্যবসা করায় ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৪ হাজার টাকা জরিমানা করা হয়। আদালত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ২ ব্যক্তিকে ৬ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ  ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩